

৬৭

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 06 DEC 1995 ...

পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

আজ ভোলা সদর থানাকে নিরক্ষরমুক্ত এলাকা ঘোষণা

দৌলতখান (ভোলা) সুবাদ-
দাতা ॥ আজ ৬ই ডিসেম্বর ভোলা
সদর থানাকে নিরক্ষরমুক্ত এলাকা
ঘোষণা করা হইবে। সমগ্র থানা-
ব্যাপী আটশত পরীক্ষা কেন্দ্রে
একলক্ষ ৬ হাজার ৯৫১ জন
নিরক্ষরমুক্ত শিক্ষার্থীর বহির্ভূত ল্যামন
পরীক্ষায় অংশগ্রহণের মাধ্যমে এই
(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

আজ ভোলা (১ম পৃ: পর)

ঘোষণা কার্যকর হইবে। শতকরা
৯০ ভাগের বেশী লোক এখন
নিজের নাম লিখিতে ও পড়িতে
পারে।

গত ২৬শে মার্চ ভোলাকে
নিরক্ষরমুক্ত এলাকা হিসাবে গড়িয়া
তোলার জন্য গণশিক্ষা কার্যক্রম
শুরু হয়। ব্যাপক গণ উদ্বুদ্ধ-
করণ সভা, র্যালী, সমাবেশসহ
গণসংযোগ কার্যক্রমের দ্বারা নির-
ক্ষর মানুষদের শিক্ষা গ্রহণে উৎ-
সাহিত করা হয়। থানায় চার
হাজার সাতাশটি গণশিক্ষা কেন্দ্র
চালু করা হয়। শিক্ষক নিয়োগ
করা হয় চার হাজার উনসত্তর
জন। প্রাথমিকভাবে ১ কোটি ৬৪
লক্ষ টাকা বরাদ্দ থাকিলেও বিভিন্ন
খাতে আরও অর্থ সংগ্রহের
মাধ্যমে প্রতিটি কেন্দ্রে চেতনা-
১ ও ২ নামে দুইটি বই, ব্লাক-
বোর্ড, চক, স্টেট, হোগলা, হারি-
কেন, হাজিরা খাতা ক্রয় করিয়া
বিনামূল্যে সরবরাহ করা হয়।
জেলা প্রশাসক, পুলিশ সুপার ও
সদর টি.এন.ও'র সার্বিক তত্ত্বাব-
ধানে বিভিন্ন এনজিও, ১৫৬টি
কেন্দ্র সহায়ক কমিটি, ৫৬ জন
ওয়ার্ড আহ্বায়ক, ১৩ জন চেয়ার-
ম্যান, ২৭৪ জন সংগঠক, ম্যাজি-
স্ট্রেট, পুলিশ, আনসার ডিডিপি,
স্বৈচ্ছাসেবী দলসহ ১০ হাজার
কর্মীবাহিনী এই বিশাল কর্মকাণ্ডে
অংশ নেন।

গ্রামে-শহরে প্রতিদিন দুইবার
করিয়া সাইরেন বাজাইয়া নির-
ক্ষরদের কেন্দ্রে যাওয়ার সংকেত
দেওয়া হয়। জাতীয় বন্ধুজন পরি-
ষদ নামে একটি এনজিও তাহাদের
কয়েকশত কর্মীকে গ্রামের হাটে
প্রচারণা কাজে লাগায়। যে
সকল কেন্দ্রে ৯০ ভাগ শিক্ষার্থী
ভালো করিবে, সেইসব কেন্দ্রে
শিক্ষকদের দেড় হাজার টাকা
পুরস্কার দেওয়া হইবে। শিক্ষার্থী-
দের বয়স ১১ হইতে ৪৫ বছরের
মধ্যে।

নব্য শিক্ষিত এই লক্ষাধিক
লোকের জন্য চলতি মাসেই
গড়িয়া তোলা হইবে গ্রাম শিক্ষা
মিলন কেন্দ্র। নিয়োগ দেওয়া
হইবে ৪০০ লাইব্রেরীয়ানকে।
প্রতি ৩০০ জনের জন্য একটি
করিয়া 'চেতনা-৩' বই ঐ মিলন
কেন্দ্রে দেওয়া হইবে। নব্য
শিক্ষিতরা এই মিলন কেন্দ্রে
তাহাদের অজিত বিদ্যা চর্চা
করিবে। তাহাদের উপযোগী
অন্যান্য শিক্ষামূলক বইও থাকিবে।
মিলন কেন্দ্রগুলি হইবে মিনি
শিক্ষা প্রতিষ্ঠান। ৪০ জন সুপার-
ভাইজার নিয়োগ করা হইবে নব্য
শিক্ষিতদের সংগঠিত করিয়া অজিত
বিদ্যা চর্চা করার কাজে সহায়তা
করার জন্য।